দৈনিক ইনকিলাব

তারিখ 26 JUN 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

# এইচএসসি পরীক্ষার প্রথম দিনেই ৬ শতাধিক বহিষ্কার

● স্টাফ রিপোর্টার ●

দেশের ৪টি বোর্ডের অধীনে গতকাল অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার প্রথম দিনে বাংলা প্রথম পত্র পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা চলাকালে তেমন কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

পরীক্ষায় নকল করার অভিযোগে ৪টি বোর্ডের অধীনে প্রায় দেড়শ' কেন্দ্র থেকে ৬ শতাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ঢাকা মহানগরীর তেজগাঁও কলেজ, সিটি কলেজ ও শেখ বোরহান উদ্দিন কলেজ কেন্দ্র থেকে ৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এ রিপোর্ট লেখা পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী ঢাকা বোর্ডের অধীনে রাজধানী, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, ময়মনসিংহ, শেরপুর, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোনা,

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## এইসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

মাদারীপুর, গোপালগঞ্জ ও গফরগাঁও জেলার ৪১টি কেন্দ্র থেকে নকলের দায়ে ১৬৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

কুমিল্লা বোর্ডের অধীনে কক্সবাজার, কুমিল্লা, চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়ীয়া, হবিগঞ্জ ও সিলেট প্রভৃতি জেলার ৪৮টি কেন্দ্র থেকে নকলের দায়ে ২শ' ৫১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

রাজশাহী বোর্ডের অধীনে রাজশাহী সদর, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, দিনাজপুর, বগুড়া, ঠাকুরগাঁও, পঞ্চগড় ও নীলফামারী জেলার ৩৯টি কেন্দ্র থেকে নকলের অভিযোগে ১শ' ৬১টি জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

যশোর শিক্ষা বোর্ডের অধীনে যশোর সদর, বরিশাল, ভোলা, কুষ্টিয়া, গৌরনদী, বরিশাল ও ঝালকাঠি জেলার ১৪টি কেন্দ্র থেকে নকলের অভিযোগে ২৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

বরিশাল ব্যুরো জানায়, গতকাল সরকারী বরিশাল কলেজ কেন্দ্রে নকল করার দায়ে জনৈক ছাত্রকে বহিষ্কার করা হলে পরীক্ষা শেষে উক্ত পরীক্ষার্থী ক্ষিপ্ত হয়ে কলেজ অফিসে প্রবেশ করে কয়েকটি খাতা ছিঁড়ে ফেলেছে বলে অভিযোগ পাওয়া গেছে। পুলিশের লোকজন পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে কলেজ কর্তৃপক্ষের সাথে দীর্ঘক্ষণ সভা করলেও কলেজের প্রিন্সিপাল ঘটনার সত্যতা অস্বীকার করেছেন।

সিলেট অফিস জানায়, শ্রীমঙ্গল সরকারী কলেজে বোর্ড কর্তৃপক্ষের খামখেয়ালির দরুন ৪ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি। জানা যায়, আতাউর রহমান, বখতিয়ার মুর্শেদ, রেখা রাণী দে ও নীল কান্ত ধর বহিরাগত পরীক্ষার্থী হিসেবে যথারীতি ফি জমা দিয়ে ফরম পূরণ করে এবং তাদের প্রবেশপত্রও দেয়া হয়। কিন্তু, গতকাল প্রথম দিনে তারা পরীক্ষা দিতে গেলে কলেজ কর্তৃপক্ষ জানান, কুমিল্লা বোর্ড থেকে এইমর্মে একটি পত্র এসেছে যে, 'উক্ত ৪ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে গুরুতর অভিযোগ রয়েছে। তাই, তাদের পরীক্ষা দিতে দেয়া হবে না'।